



বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়
সি এন্ড বি রোড, বরিশাল।

গণমানুষের ব্যাংক

ফোন : ০২-৪৭৮৮৬৪২১৮
ই-মেইল : gmbarisal@krishibank.org.bd

বিভাগীয় কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিকের সভার কার্যবিবরণী (২৭.১২.২০২২)

বিভাগীয় কার্যালয়, বরিশালের গত ২৬.১২.২০২২ খ্রিঃ তারিখের অফিস স্মারক নং-জিএম/বার/প্রশা-৬৬/২০২২-২০২৩/২০০৩ এর মাধ্যমে বিভাগীয় কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির সভা আহ্বান করা হয়। তার প্রেক্ষিতে, অদ্য ২৭.১২.২০২২ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় নৈতিকতা কমিটির সভা মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

ক্রমিক নং	কমিটির পদবী	নাম ও অফিসিয়াল পদবী	কার্যালয়ের ঠিকানা
০১.	আহ্বায়ক ও সভাপতি	জনাব মোঃ সালাহউদ্দীন রাজীব মহাব্যবস্থাপক(দায়িত্বে)	বিকেবি, বিকা, বরিশাল
০২.	সদস্য	জনাব মোঃ মোহাম্মদ মুনীর রহমান সহকারী মহাব্যবস্থাপক	
০৩.	সদস্য	জনাব রাকেশ চক্রবর্তী উর্ধতন মুখ্য কর্মকর্তা	
০৪.	সদস্য-সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা	জনাব মোঃ জসিম হাওলাদার উর্ধতন কর্মকর্তা	

০২। সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সকলকে বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ত্রিশ লক্ষ শহীদদের গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন এবং তাঁদের আত্মার মাগফিরাত কামনা করেন।

০৩। সভার কার্যসূচী অনুযায়ী সভায় প্রধান কার্যালয় থেকে প্রেরিত ছক অনুযায়ী অত্র কার্যালয়ের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর দ্বিতীয় প্রান্তিকের(অক্টোবর-ডিসেম্বর) কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। সভার সদস্য-সচিব ২য় ত্রৈমাসিকের অগ্রগতি সভায় তুলে ধরেন। বিভিন্ন কর্ম-পরিকল্পনার মধ্যে বাস্তবায়িত কার্যক্রম নিম্নরূপঃ

- ২য় কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভা আহ্বান করা হয়।
- কর্ম পরিবেশ উন্নয়নে পরিষ্কার পরিচ্ছন্নতার কর্মসূচি গ্রহণ করা হয়।
- বিভাগীয় প্রতিটি শাখায় সিসি ক্যামেরা স্থাপনের লক্ষ্যে ৭৫% কাজ শেষ হয়েছে।
- সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত রেজিস্টার সংরক্ষণ চানু করা হয়।
- দুর্নীতি সংক্রান্ত অভিযোগ দ্রুততার সাথে নিষ্পত্তি করা হয় এবং দুর্নীতি প্রতিরোধে বিভিন্ন শাখায় সিসিটিভি ফুটেজ সংগ্রহপূর্বক পর্যালোচনা করা হয়।

০৪। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় ও ৪র্থ কোয়ার্টারে কর্ম পরিকল্পনা বাস্তবায়নের জন্য নৈতিকতা কমিটি ২য় ত্রৈমাসিক সভায় নিম্নে উল্লেখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

- ৩য় ও ৪র্থ কোয়ার্টারে ব্যাংকের যোগদানকৃত কর্মকর্তাদের অংশগ্রহণে একটি করে মোট ২ টি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- ব্যাংক বিধি মোতাবেক অধীনস্থ অফিসসমূহ নিয়মিত মনিটরিং ও পরিদর্শন।
- ৪র্থ কোয়ার্টারে মধ্যে প্রতিটি শাখাকে সিসি ক্যামেরার আওতায় নিয়ে আসা এবং শাখাসমূহের সার্বিক পর্যবেক্ষণ করা।
- দুর্নীতি সংক্রান্ত অভিযোগ দ্রুত ও সুষ্ঠুভাবে তদন্ত ও নিষ্পত্তিকরণ।
- বিভিন্ন অভিযোগ দ্রুত ও সুষ্ঠুভাবে তদন্ত ও নিষ্পত্তিকরণ।
- কর্মপরিবেশ উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ।

০৪। সভার সভাপতি মহোদয় ২য় ত্রৈমাসিকের অগ্রগতি পরিবীক্ষণ করে অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন আকারে ব্যাংকের ওয়েবসাইটে আপলোডকরণের নির্দেশনা প্রদান করেন। ৩য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নে সকলকে সচেষ্ট হওয়ার নির্দেশনা প্রদান করেন।

০৫। পরিশেষে, সভাপতি মহোদয় উপস্থিত সকলকে বন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ জসিম হাওলাদার)
উর্ধতন কর্মকর্তা
সদস্য-সচিব

(রাকেশ চক্রবর্তী)
উর্ধতন মুখ্য কর্মকর্তা
সদস্য

(মোঃ মোহাম্মদ মুনীর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
সদস্য

(মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব)
মহাব্যবস্থাপক(দায়িত্বে)
সভাপতি

ও

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা